# মেঘনা উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির মাসিক সভার কার্যবিবরণী ঃ-

১। সভাপতি ঃ মোঃ সাইফুল্লাহ মিয়া রতন শিকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেঘনা, কুমিল্লা।

২। সভার স্থান ঃ উপজেলা পরিষদ হল রুম।

৩। সভার তারিখ ঃ ১৬/১০/২০২৩ খ্রিঃ সময় ঃ বেলা ১০:৩০ ঘটিকা।

৪। মাসের নাম ঃ অক্টোবর/২০২৩

সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বাঙ্গালী জাতীর মুক্তির মহানায়ক বাংলাদেশের মহান স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়।

সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ ঃ

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>দায়িত্ব/বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১</td><td>১) পরিবার পরিকল্পনা পদ্ধতি সমূহের অস্থায়ী পদ্ধতি সম্পর্কে পর্যালোচনা।</td><td>ক) আগস্ট/২৩ মাসের সক্ষম দম্পতি ২৩৭৯৯ এবং সেপ্টেম্বর/২৩ মাসের সক্ষম দম্পতি ২৩৮৩২ অর্থাৎ বৃদ্ধি পেয়েছে ৩৩ দম্পতি।<br>খ) আগস্ট/২৩ মাসের সি.এ.আর ৭৬.৮৬% এবং সেপ্টেম্বর/২৩ মাসের সি.এ.আর ৭৭.১১%; বৃদ্ধি ০.২৫%<br>গ) অস্থায়ী পদ্ধতির অগ্রগতির তুলনা মূলক চিত্রঃ
<table>
<tr><th colspan="2">খাবার বড়ি</th><th colspan="2">কনডম</th><th colspan="2">ইনজেকশন</th></tr>
<tr><td>আগস্ট/২৩</td><td>সেপ্টেম্বর/২৩</td><td>আগস্ট/২৩</td><td>সেপ্টেম্বর/২৩</td><td>আগস্ট/২৩</td><td>সেপ্টেম্বর/২৩</td></tr>
<tr><td>৬৮৯২</td><td>৬৮৭২</td><td>১৬০৮</td><td>১৫৯৯</td><td>৫২৩২</td><td>৫৩৩৭</td></tr>
</table>
খাবার বড়ি, কনডম ও ইনজেকশন গ্রহীতার হার বৃদ্ধি/হ্রাস যথাক্রমে -০.২৯%, -০.৫৫%, +২.০%</td><td>নিয়মিত বাড়ী পরিদর্শনের মাধ্যমে খাবার বড়ি, কনডম ইনজেকশনের গ্রহীতার হার বৃদ্ধি করার মাধ্যমে সিএআর বৃদ্ধি করতে হবে।</td><td>উপজেলা প.প.কর্মকর্তা/ মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)এসএসিএম ও, এফডব্লিউভি, এফপিআই, এফডব্লিউএ, পিপিভি</td></tr>
<tr><td>০২</td><td>পরিবার পরিকল্পনা পদ্ধতি অগ্রগতি পর্যালোচনা এলএআরসি</td><td>২.১ এলএআরসি' এ অগ্রগতি: এমআইএস-৪ এর সম্পাদন অনুসারে কস্থায়ী পদ্ধতীর অগ্রগতি নিম্নরূপ:
<table>
<tr><th colspan="2">আইউডি</th><th colspan="2">ইমপ্ল্যান্ট</th><th colspan="2">মোট (এলএআরসি)</th></tr>
<tr><td>আগস্ট/২৩</td><td>সেপ্টেম্বর/২৩</td><td>আগস্ট/২৩</td><td>সেপ্টেম্বর/২৩</td><td>আগস্ট/২৩</td><td>সেপ্টেম্বর/২৩</td></tr>
<tr><td>৬০৯</td><td>৬১১</td><td>১৩৮৬</td><td>১৩৯৩</td><td>২৫৬৪</td><td>২৫৬৫</td></tr>
</table>
যেসব ইউনিয়নে লক্ষ্যমাত্রা অর্জনে পিছিয়ে রয়েছে সেসব ইউনিয়নের পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ সহকারীদের এলএআরসি'র অগ্রগতি বৃদ্ধিতে কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। এ ব্যাপারে বিভাগীয় মাসিক সভা ও ইউনিয়ন পঃপঃ কমিটির সভায় জোড়ালো ভূমিকা রাখার ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>লক্ষমাত্রার আলোকে এলএআরসি'এর অগ্রগতি বৃদ্ধি করতে হবে।</td><td>উপজেলা প.প. কর্মকর্তা/ মেডিক্যা অফিসার (এমসিএইচ-এফপি)এসএসিএম ও, এফডব্লিউভি, এফপিআই, এফডব্লিউএ, পিপিভি</td></tr>
<tr><td>০৩</td><td>পঃ পঃ পদ্ধতির অগ্রগতি পর্যালোচন স্থায়ী পদ্ধতি</td><td>৩.১ এমআএস-৪ এর সম্পাদন অনুসারে স্থায়ী পদ্ধতীর অগ্রগাতী নিম্নরূপঃ
<table>
<tr><th colspan="2">স্থায়ী পদ্ধতি (পুরুষ)</th><th colspan="4">স্থায়ী পদ্ধতি (মহিলা)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td rowspan="2">আগস্ট/২৩</td><td rowspan="2">সেপ্টেম্বর/২৩</td><td colspan="2">আগস্ট/২৩</td><td colspan="2">সেপ্টেম্বর/২৩</td><td rowspan="2"></td></tr>
<tr><td>স্বাভাবিক</td><td>পিপিএফপি</td><td>স্বাভাবিক</td><td>পিপিএফপি</td></tr>
<tr><td>০</td><td>০</td><td>১</td><td>৬</td><td>০</td><td>১</td><td></td></tr>
</table>
উপরের ছকে দেখা যায় যে, স্বাভাবিক স্থায়ী পদ্ধতির সেবা শূন্য। এই ধারা অব্যহত থাকলে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্বব হবে না। ইউনিয়ন পর্যায়ের কর্মরত SACMO,FWV,FPI ও FWA গনকে জনপ্রতিনিধি ও ইউপি চেয়ারম্যান এর সংগে নিবির সম্পর্ক স্থাপন ও তাহাদের সহযোগীতা প্রাপ্তির বিষয় যোগাযোগ স্থাপন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।</td><td>স্থায়ী পদ্ধতি (স্বাভাবিক) এর অগ্রগতি বৃদ্ধি করতে হবে।</td><td>ইউপি চেয়ারম্যান, এসএসিএমও, এফডব্লিউভি, এফপিআই, এফডব্লিউএ, পিপিভি</td></tr>
<tr><td>০৪</td><td>মা ও শিশু স্বাস্থ্য সেবার অগ্রগতি পর্যালোচনা</td><td>১। মেঘনা উপজেলায় পরিবার পরিকল্পনা বিভাগের আওতাধীন সেবা কেন্দ্রসমূহে মা ও শিশু স্বাস্থ্য সেবার প্রসবপুর্ব, প্রসব সেবা সহ পিএসসি, নবজাতকের সেবা ও শিশু স্বাস্থ্য সেবার অগ্রগতি নিম্নরূপ:
<table>
<tr><th rowspan="2">এএনসি-১</th><th rowspan="2">এএনসি-৪</th><th colspan="3">প্রসব সেবা (বিভাগীয় সেবা কেন্দ্রে)</th><th rowspan="2">পিএনসি-১</th><th rowspan="2">নবজাতকের সেবা-১</th><th rowspan="2">০-৫ শিশু স্বাস্থ্য সেবা</th></tr>
<tr><th>স্বাভাবিক</th><th>সি/এস</th><th>মোট</th></tr>
<tr><td>১৭৭</td><td>১০৭</td><td>৭৯</td><td>৫৬</td><td>১৩৫</td><td>৪১</td><td>৪১</td><td>১১০</td></tr>
</table>
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, মেঘনা উপজেলায় ০৫টি টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে। পরিবার কল্যাণ পরিদর্শিকা রয়েছে ৭ জন। কিন্তু প্রসব সেবার সংখ্যা কাঙ্খিত মাত্রায় বৃদ্ধি পায়নি। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সেবা প্রদানকারীদের অবস্থান নিশ্চিতকরণ এবং স্বাভাবিক প্রসব বৃদ্ধির কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য ইউনিয়ন পর্যায়ের কর্মচারীদের অনুরোধ করা হয়।</td><td>মা ও শিশু স্বাস্থ্য সেবা বৃদ্ধির মাধ্যমে প্রাতিষ্ঠানিক প্রসব সেবা বৃদ্ধি করা।</td><td>মেডিক্যা অফিসার ( এমসিএইচ-এফপি) এসএসিএমও, এফডব্লিউভি, এফপিআই, এফডব্লিউএ, পিপিভি</td></tr>
<tr><td>০৫</td><td>জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম</td><td>সভায় উপজেলা নির্বাহী অফিসার মেঘনা, কুমিল্লা মহোদয় জন্ম/ মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে পরিবার পরিকল্পনা বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীগণ সার্বিক সহযোগিতা করার জন্য বলেন।<br>জন্ম/ মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে অত্র উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সকল কর্মকর্তা/ কর্মচারীগণ তথ্য দিয়ে সার্বিক সহযোগিতা করবেন বলে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান।</td><td>জন্ম/ মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন কার্যক্রম নিশ্চিতকরন</td><td>উপজেলা প.প. কর্মকর্তা/ মেডিক্যা অফিসার (এমসিএইচ-এফপি)এসএসিএম ও, এফডব্লিউভি, এফপিআই, এফডব্লিউএ, পিপিভি</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | আশ্রয়ন প্রকল্পে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিশেষ সেবা ক্যাম্প আয়োজন | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব মোঃ জাহাঙ্গীর আলম জানান মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার কার্যক্রম আশ্রয়ণ প্রকল্পসমূহে প্রতি মাসে "স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা" বিশেষ সেবা ক্যাম্প আয়োজন করা হয়। উক্ত বিশেষ সেবা ক্যাম্প বাস্তবায়নে সকল ইউনিয়নের জনপ্রতিনিধিদের সর্বাত্মক সহযোগীতা কামনা করেন। | "স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা" বিশেষ সেবা ক্যাম্প বাস্তবায়নে বাধাগ্রস্ত হলে মাসিক সভায় উত্থাপন করার বিষয় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ সকল, উপজেলা প.প. কর্মকর্তা/ মেডিক্যা অফিসার ( এমসিএইচ-এফপি) মেঘনা |
| ০৭ | ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ কার্যক্রম এগিয়ে নেওয়া | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব মোঃ জাহাঙ্গীর আলম জানান ০৮ ইউনিয়নে পরিবার পরিকল্পনা বিভাগের জনবল মাঠ পর্যায়ে কাজ করেন। সকল ইউনিয়নের জনপ্রতিনিধিদের সর্বাত্মক সহযোগীতা কামনা করেন। | পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ কার্যক্রম বাধাগ্রস্ত হলে মাসিক সভায় উত্থাপন করার বিষয় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ সকল, উপজেলা প.প. কর্মকর্তা/ মেডিক্যা অফিসার ( এমসিএইচ-এফপি) মেঘনা |
| ০৮ | বিবিধ | ক) ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা কার্যালয়ের আওতাধীন ৮টি সেবা কেন্দ্রের জন্য ২০২৩-২০২৪ অর্থবছরে আসবাবপত্র সরবরাহের উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসন, মেঘনা, কুমিল্লা এর নিকট আবেদন জানান।<br>খ) লুটেরচর, বড়কান্দা, গোবিন্দপুর, রাধানগর মোট ০৪ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ০৪ টি সাবমারসিবল স্থাপনের জন্য উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসন, মেঘনা, কুমিল্লা এর নিকট আবেদন জানান। | মা ও শিশু স্বাস্থ্য সেবা বৃদ্ধির লক্ষ্যে ৮টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের আসবাবপত্রের সমস্যা সমাধানে দ্রুত পরিকল্পনা গ্রহন করা এবং সাবমারসিবল স্থাপনের দ্রুত পরিকল্পনা গ্রহণ | চেয়ারম্যন উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, মেঘনা উপজেলা প.প. কর্মকর্তা/ মেডিক্যা অফিসার (ক্লিনিক/ এমসিএইচ-এফপি) মেঘনা। |

অতপর, সভাপতি মহোদয় বলেন, মেঘনা উপজেলার পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য কর্যক্রমকে বেগবান করার জন্য বেশ কিছু পরিকল্পনা সভায় পেশ করেন। যা বাস্তবায়ন করার লক্ষ্যে সকলকে সহযোগীতার আহ্বান জানান।

অতপর, সভাপতি মহোদয় সম্মানিত সদস্যগনকে বস্তুনিষ্ঠ ও প্রাসঙ্গিক আলোচনায় সক্রিয় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

23/10/2023

(মোঃ সাইফুল্লাহ মিয়া রতন শিকদার)
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি, উপজেলা পরিবার পরিকল্পনা কমিটি
উপজেলা পরিষদ, মেঘনা, কুমিল্লা।

স্মারক নং- ৫৯.১১.১৯৭৫.০০০.০৬.০১৭.২০২৩- ৪৮৫

তারিখ ঃ ২৩/১০/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, কুমিল্লা।
২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, কুমিল্লা।
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মেঘনা, কুমিল্লা।
৪। উপজেলা..................................কর্মকর্তা/ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেঘনা, কুমিল্লা।
৫। চেয়ারম্যান ...............................ইউপি ও সম্মানিত সহ-সভাপতি/সদস্য, উপজেলা পরিবার পরিকল্পনা কমিটি, মেঘনা, কমিল্লা।
৬। জনাব.............................................................
৭। অফিস কপি।

(মোঃ জাহাঙ্গীর আলম)
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
মেঘনা, কুমিল্লা।
ও
সদস্য- সচিব
উপজেলা পরিবার পরিকল্পনা কমিটি
মেঘনা, কুমিল্লা।